**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**03 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আসাম বিধানসভার বাজেট অধিবেশনে আজ অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব শর্মার প্রতিবেদন নিয়ে আলোচনা।

২) আসাম চুক্তির অধীনে গত ৩১ শে জানুয়ারি পর্যন্ত রাজ্যে ১ লক্ষ ৬৫ হাজার ৯৯২ জন লোককে বিদেশি হিসেবে সনাক্ত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ।

৩) রাজ্য সরকারের বিভিন্ন পদ পূরণের জন্য অনুষ্ঠিত করা নিযুক্তি করা পরীক্ষার ফলাফলগুলো আগামীকাল থেকে পর্যায়ক্রমে ঘোষণা।

এবং

৪) বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে বিশ্ব শ্রবণ দিবস পালন।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার বাজেট অধিবেশনে আজ অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব শর্মার প্রতিবেদন নিয়ে আলোচনা করা হয় । বিধায়ক মানব ডেকার উত্থাপন করা এসম্পর্কিত প্রস্তাবটি অধ্যক্ষ আলোচনার জন্য গ্রহণ করেন ।শাসক ও বিরোধী দলের বেশ কয়েকজন সদস্য এই আলোচনায় অংশ গ্রহণ করে আসাম লোকসেবা আয়োগের

২০১৩ ও ২০১৪ সালের নিযুক্তি সম্পর্কিত কেলেংকারী ও বিচারপতি বিপ্লব শর্মার প্রতিবেদন সম্পর্কে বিভিন্ন প্রসংগ উত্থাপন করেন । বিধায়ক অখিল গগৈ ,বিপ্লব শর্মা আয়োগের প্রতিবেদন রুপায়ন করতে রাজ্য সরকারের আগ্রহ নেই বলে সমালোচনা করেন ।

আলোচনার উত্তর দিয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আসাম লোকসেবা আয়োগের মূল সমিতি গঠন সম্পর্কে বিস্তারিত প্রকাশ করে রাকেশ পালকে আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি দেওয়ার জন্য কংগ্রেস দলের আসামের যুব শক্তির কাছে ক্ষমা চাওয়া উচিত বলে তিনি মন্তব্য করেন । তিনি কংগ্রেসের এই দুর্নীতিতে অখিল গগৈ সমর্থন করেছেন বলে অভিযোগ করেন ।এদিকে দুর্নীতিকে প্রশ্রয় না দিয়ে এ পি এস সির অনিয়মের বিরুদ্ধে তদন্ত করার সাহসী সিদ্ধান্ত গ্রহণ করার জন্য প্রাক্তন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়ালের প্রতি কৃতজ্ঞতা জানানো উচিত বলে মুখ্যমন্ত্রী ড: শর্মা মন্তব্য করেন । দেশের ইতিহাসে প্রথমবার আসামে লোকসেবা আয়োগের অধ্যক্ষ ও সহযোগী সদস্যদের গ্রেপ্তার করা হয় বলে উল্লেখ করে ড: শর্মা বলেন

বাইট

এর আগে ৯ দিন বিরতির পর আজ সকালে আসাম বিধানসভার অধিবেশন প্রশ্ন উত্তরকাল দিয়ে শুরু হয় । অধিবেশনে আজ ৭ টি প্রশ্ন উত্থাপন করা হয় । অধিবেশনের শুরুতে কংগ্রেস সাংসদ রকিবুল হুসেইনকে নগাও এ প্রকাশ্য সড়কে আক্রমণ করা সম্পর্কে কংগ্রেস সভাস্থগিত প্রস্তাব উত্থাপন করে । কংগ্রেসের বিধায়ক ওয়াজেদ আলী চৌধুরী এই আক্রমণের ঘটনার তদন্ত কিভাবে এগিয়ে চলছে সে বিষয়ে প্রশ্ন উত্তাপন করেন । এর উত্তরে সংসদীয় পরিক্রমা বিভাগের মন্ত্রী চন্দ্র মোহন পাটোয়ারি এক বিবৃতিতে ঘটনার তদন্ত মধ্য আসামের পুলিশ মহা পরিদর্শকের হাতে ন্যস্ত করা হয়েছে বলে জানান ।সরকার নিরাপত্তার ক্ষেত্রে কোণো ধরনের আপোস করেনা বলে সভায় জানান । এই উত্তরে বিরোধী দল সন্তুষ্ট না হয়ে এই বিষয়টি নিয়ে পুনরায় প্রতিবাদ করে । অধ্যক্ষ সভাস্থগিত প্রস্তাবে অনুমতি দেওয়া হবে না বলে জানান ।

---

আসাম চুক্তির ভিত্তিতে গত ৩১ শে জানুয়ারী পর্যন্ত রাজ্যে ১ লক্ষ ৬৫ হাজার ৯৯২ জন লোককে বিদেশী হিসেবে শণাক্ত করা হয়েছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ আসাম বিধানসভায় জানান । বিধায়ক আব্দুল বাতিন খন্ডকারের এক প্রশ্নের উত্তরে মূখ্যমন্ত্রী একথা জানান । তিনি বলেন যে বিদেশী ট্রাইবুনেলে মোট ২ লক্ষ ৪৪

হাজার ১৪৪ টি ডি-ভোটার সংক্রান্ত মামলা প্রেরণ করা হয়েছে এবং এরমধ্যে ১ লক্ষ ৫৪ হাজার ৮১৮টি মামলা নিষ্পত্তি করা হয়েছে । এছাড়া আসাম চুক্তির ভিত্তিতে শণাক্ত করা ৩০ হাজার ১১৫ জন বিদেশীকে বহিষ্কার করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার বিভিন্ন পদ পূরণের জন্য অনুষ্ঠিত করা নিযুক্তি পরীক্ষার ফলাফলগুলি আগামীকাল থেকে পর্যায়ক্রমে প্রকাশ করা হবে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমে একথা জানিয়ে বলেন যে আগামীকাল প্রথম নিযুক্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে ।আগামীকাল আসাম পুলিশে গাড়ীচালকের পদে নিযুক্তি দেওয়ার জন্য অনুষ্ঠিত পরীক্ষার ফলাফল ঘোষনা করা হবে ।একইভাবে আগামী ৬ ই মার্চ আসাম পুলিশের উপ পরিদর্শক পদের জন্য ও ৭ ই মার্চ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদের পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে । ১২ মার্চ আসাম পুলিশের কনষ্টেবল পদের ও ২৭ শে মার্চ আসাম পুলিশের কমান্ডো বেটেলিয়ান কনষ্টেবল পদের পরীক্ষার ফল প্রকাশ করা হবে ।

-----------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব বন্যপ্রাণী দিবস । এই দিবসের সঙ্গে সংগতি রেখে গুজরাটের জুনাগড় জেলার সাসন গীরে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পৌরহিত্য করেন । এ উপলক্ষ্যে অনুষ্ঠিত জাতীয় বন্যপ্রাণী পরিষদের সপ্তম বৈঠকে প্রতিরক্ষা মন্ত্রী ভূপেন্দ্র যাদব সহ বিভিন্ন রাজ্যের সদস্য ,বন্যপ্রাণী সংরক্ষণের সঙ্গে জড়িত বেসরকারী সংস্থার প্রতিনিধি ,রাজ্যসমূহের মূখ্য বন্যপ্রাণী ওয়ার্ডেন ও সচিবরাও অংশগ্রহণ করেন । আসামেও আজ বন্যপ্রাণী সংরক্ষণের প্রতি সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে কার্যসূচী গ্রহণ করা হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এই দিবস উপলক্ষ্যে এক বার্তায় বন্যপ্রাণী সুরক্ষার ক্ষেত্রে আসাম গুরুত্ব সহকারে অগ্রসর হচ্ছে বলে উল্লেখ করেন । তিনি বলেন যে বন্যপ্রাণীর বাসভূমির সম্প্রসারণ ,চোরা শিকারীদের প্রতি শূণ্য সহনশীলতা নীতি ,বন সুরক্ষার জন্য বিশেষ বাহিনী গঠন ,পশু চিকিৎসার জন্য বিশেষ ক্লিনিক ,বন্যপ্রাণী সংরক্ষণের জন্য বাজেটে অধিক বরাদ্দ এবং প্রাকৃতিক দূর্যোগের সময় প্রয়োজনীয় যত্নের মতো বেশকয়েকটি পদক্ষেপ সরকার গ্রহণ করেছে ।

-----------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব শ্রবণ দিবস । এবার এই দিবসের মূল বিষয় হচ্ছে নতুন চিন্তাধারাকে জাগ্রত করুন, প্রত্যেক ব্যাক্তি কানের যত্ন এবং শ্রবণ শক্তি অটুট রাখার প্রতি গুরুত্ব প্রদানে

সংকল্পবদ্ধ হন । বিশ্বের অন্যান্য প্রান্তের সঙ্গে রাজ্যের বিভিন্ন অঞ্চলে বিশ্ব শ্রবণ দিবস পালন করা হয়েছে ।
বরাক উপত্যকার তিন জেলায়ও আজ এই দিবস পালন করা হয়েছে । শ্রীভূমি জেলায় বিভিন্ন সচেতনতা কার্যসূচীর মাধ্যমে আজ বিশ্ব শ্রবণ দিবস পালন করা হয়েছে । শ্রীভূমি সিভিল হাসপাতাল প্রাঙ্গণ থেকে এক সচেতনতা র্যালীর মাধ্যমে কার্যসূচীর সূচনা হয় । পতাকা নেড়ে র্যালীর সূচনা করেন শ্রীভূমির যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডা:সুমনা নাইডিং । র্যালীর শেষে শ্রীভূমি সিভিল হাসপাতালে এক শ্রবণ পরীক্ষা শিবিরের আয়োজন করা হয় । এতে শিক্ষার্থীদের শ্রবণ স্বাস্থ্য ,প্রতিরোধমূলক ব্যাবস্থা এবং শ্রবণ ক্ষমতা হ্রাসের প্রাথমিক পর্যায়ে শণাক্তকরণের গুরুত্ব সম্পর্কে সচেতন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলাতেও আজ এই দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে রোটারি ক্লাব অফ শিলচর গ্রেটার ও সক্ষম সংস্থার যৌথ ব্যাবস্থাপনায় আজ বিনামূল্যে ক্যাপিটেল ডায়াগনোস্টিক সেন্টারে অডিও মেট্রি টেস্টের মাধ্যমে বিভিন্ন বয়সের ১০ জন লোকের শ্রবণ শক্তি পরীক্ষা করে চিকিৎসা পরামর্শ প্রদান করা হয় ।

অনুরুপভাবে হাইলাকান্দি জেলায়ও আজ নানা কার্যসূচীর মাধ্যমে বিশ্ব শ্রবণ দিবস পালন করা হয় । এ উপলক্ষ্যে জেলার এস কে রায় সিভিল হাসপাতালে একটি সচেতনতা সভার আয়োজন করা হয় ।  স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত লাইরুল খেংতের পৌরহিত্যে সভায় শ্রবণশক্তি সংরক্ষণ ও পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয় । এছাড়া এই দিবস উপলক্ষ্যে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য একটি বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবিরেরও আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

গৌহাটী হাই কোর্ট পরীক্ষায় অনিয়মের জন্য দায়ের করা মামলায় গ্রেপ্তার হোয়া ইউ এস টি এম নামের শিক্ষা প্রতিষ্ঠানের স্বত্বাধিকার মেহবুবুল হকের আজ জামিন মঞ্জুর করেছে । হাই কোর্টের বিচারপতি পার্থিব জ্যোতি শ ইকীয়ার বিচারপীঠ সব পক্ষের আইনজীবির যুক্তি শোনার পর অভিযুক্ত হকের জামিন মঞ্জুর করে । উল্লেখ্য পরীক্ষায় অনিয়ম সম্পর্কে শ্রী ভুমি জেলার পাথারকান্দি পুলিশ হককে গৌহাটী থেকে গ্রেপ্তার করেছিল ।এদিকে অভিযুক্তের বিরুদ্ধে অন্য আরেকটি মামলার শুনানী আগামীকাল গৌহাটী হাইকোর্টে গ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেডের পক্ষ থেকে সি এস আর প্রকল্পে

শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিকাঠামো উন্নয়নে শিলচর মেডিক্যাল কলেজ ও পাওয়ার গ্রীড কর্পোরেশনের মধ্যে আজ এক কোটী ৮১ লক্ষ টাকার সমঝোতা চুক্তি সাক্ষরিত হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্টানে বক্তব্য রাখতে গিয়ে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ ডক্টর ভাষ্কর গুপ্ত জানান যে স্বাস্থ্য পরিষেবা প্রদান করা আমাদের মৌলিক কর্তব্য এবং প্রতিটি রোগীকে উন্নতমানের স্বাস্থ্য সেবা প্রদান করতে মেডিকেল কলেজের পরিকাঠামো উন্নত করতে হবে । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পাওয়ার গ্রীড কর্পোরেশনের ডেপুটি জেনারেল ম্যানেজার অনিন্দ দেব লস্কর জানান যে পাওয়ার গ্রীড শুধুমাত্র শক্তি বিতরন করে না , এর থেকেও বেশী সমাজের উন্নয়নের জন্য কাজ করে থাকে ।

-----------------------------------------------------------------------------------------